

ত্রিপুরার উন্নয়নের পথে এক যুগান্তকারী পদক্ষেপ
মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে শিল্পের উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে
টিআইএফটি ও আইআইএম'র মধ্যে মউ স্বাক্ষরিত



ত্রিপুরার উন্নয়নের পথে এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে আজ ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন (TIPT) এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (IIM), কলকাতার মধ্যে এক মউ স্বাক্ষরিত হয়েছে। আজ দুপুরে সচিবালয়ে মুখ্যমন্ত্রীর অফিস কক্ষে রাজ্যের শিল্পের উন্নয়ন ও দক্ষতা উন্নয়নকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এই মউ স্বাক্ষরিত হয়। টিআইএফটি-র সিইও তথা রাজ্য সরকারের গুড গভর্ন্যান্স দপ্তরের সচিব কিরণ গিত্যে এবং আইআইএম, কলকাতার ডিন প্রফেসর রাজেশবাবু আর এই মউ স্বাক্ষর করেছেন। মউ স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ও মুখ্যসচিব জে কে সিনহা। এই উদ্যোগ রাজ্য সরকারের প্রবৃদ্ধি ও সমৃদ্ধির লক্ষ্যে এক উল্লেখযোগ্য পদক্ষেপ। পরিবেশবান্ধব ও স্থায়ী উন্নয়নের লক্ষ্যে নীতি আয়োগের নির্দেশ অনুসারে স্টেট সাপোর্ট মিশনের অঙ্গ হিসেবে এই উদ্যোগ নেওয়া হয়েছে। আইআইএম, কলকাতার প্রতিনিধিগণ আগামী দিনে যৌথ উদ্যোগে কাজ করার ব্যাপারে মুখ্য সচিবের সাথে বিস্তারিত আলোচনা করেন। টিআইএফটি এবং আইআইএম কলকাতার যৌথ উদ্যোগে যে সব কর্মসূচি হাতে নেওয়া হবে তার মধ্যে থাকছে নলেজ এক্সচেঞ্জ, দক্ষতা উন্নয়ন এবং গবেষণামূলক কাজ যাতে ত্রিপুরাতে শিল্পোন্নয়ন ত্বরান্বিত করা যায়। ত্রিপুরার উন্নয়নে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে সক্রিয় উদ্যোগ নেওয়ার জন্য উভয় প্রতিষ্ঠানের দক্ষতা, জ্ঞান ও সম্পদকে কাজে লাগানো হবে। যাতে করে স্থানীয় মানবসম্পদ উপকৃত হয়। দক্ষতা উন্নয়ন ও গবেষণামূলক প্রকল্প, নীতি নির্ধারণ ত্রিপুরায়, সমৃদ্ধির এই লক্ষ্যে যৌথ উদ্যোগ বিকশিত ভারত-২০৪৭-এর পরিকল্পিত লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা নেবে।